

তারিখ . 30. JAN. 2016... ..
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭

কালের কর্ণ

বিশ্বসাহিত্য কেন্দ্র রাজশাহীতে বইপড়া কর্মসূচিতে ৮৬২ শিক্ষার্থী পুরস্কৃত

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী >

বইপড়া প্রতিযোগিতায় বিজয়ী রাজশাহী মহানগরীর ৮৬২ শিক্ষার্থীকে পুরস্কৃত করেছে বিশ্বসাহিত্য কেন্দ্র। গতকাল শুক্রবার সকালে রাজশাহী শিক্ষা বোর্ড মডেল স্কুল অ্যান্ড কলেজ মাঠে আয়োজিত পুরস্কার বিতরণী উৎসবে তাদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। উৎসবের উদ্বোধন করেন বিশ্বসাহিত্য কেন্দ্রের সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ।

বইপড়া প্রতিযোগিতার অংশ হিসেবে সপ্তাহে একটি করে গত এক বছরে কমপক্ষে ৫২টি বই পড়েছে এমন শিক্ষার্থীদের পুরস্কারের জন্য বাছাই করা হয়। বিশ্বসাহিত্য কেন্দ্র পরিচালিত দেশভিত্তিক উৎকর্ষ কার্যক্রমের আওতায় ২০১৫ সালে রাজশাহী মহানগরীর ৩৪টি স্কুলের প্রায় আড়াই হাজার শিক্ষার্থী শ্রেয় কর্মসূচিতে অংশ নেয়। পুরস্কার বিতরণী উৎসবে পৃষ্ঠপোষকতা করে গ্রামীণ ফোন। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কথাসাহিত্যিক অধ্যাপক হাসান আজিজুল হক, রাজশাহী বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার মোহাম্মদ মুনির হোসেন, বিশ্বসাহিত্য কেন্দ্র নাটোর শাখার সংগঠক ও অবসরপ্রাপ্ত অধ্যাপক অলোক মৈত্রী, রাজশাহী শিক্ষা বোর্ড মডেল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ড. মোহাম্মদ মকবুল হোসেন, রাজশাহী মহানগর শাখার সংগঠক সোমা আহমেদ, বিশ্বসাহিত্য কেন্দ্রের পরিচালক শরীফ মো. মাসুদ ও গ্রামীণফোন রাজশাহীর হেড অব রিজিওনাল ইমতিয়াজ আহমেদ।

গ্রামীণফোনের সহযোগিতায় বিশ্বসাহিত্য কেন্দ্র রাজশাহী মহানগরীর বইপড়া কর্মসূচির এই পুরস্কার বিতরণী উৎসবে ৩৪টি স্কুলের ৮৬২ শিক্ষার্থীর হাতে পুরস্কার দেওয়া হয়।